আলমডাঙ্গা বেলগাছিতে জামায়াতের পথসভা অনুষ্ঠিত

আলমডাঙ্গা উপজেলার বেলগাছি গ্রামের পূর্বপাড়ায় বাংলাদেশ জামায়াতে ইসলামের উদ্যোগে এক পথসভা অনুষ্ঠিত হয়। গতকাল মঙ্গলবার এই সভা অনুষ্টিত হয়েছে। উক্ত পথসভায় সভাপতিত্ব করেন, বেলগাছি গ্রামের ৯ নং ওয়ার্ড সভাপতি আনিসুর রহমান।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা জামায়াতের সহকারী সেক্রেটারি এবং মনোনীত প্রার্থী অ্যাডভোকেট মাসুদ পারভেজ রাসেল। তিনি বলেন, “ন্যায় ও ইনসাফভিত্তিক সমাজ প্রতিষ্ঠা এবং সৎ ও যোগ্য নেতৃত্বের মাধ্যমে এলাকার উন্নয়নের জন্য আমি আপনাদের সন্তান হিসেবে দোয়া চাই।”

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা-১ আসনের নির্বাচন পরিচালক ও জেলা যুব বিভাগের সভাপতি শেখ নূর মোহাম্মদ হোসাইন টিপু, জেলা আইন হলুদ বিষয়ক সম্পাদক ও উপজেলা চেয়ারম্যান পদপ্রার্থী দারুস সালাম, উপজেলা আমীর ও উপজেলা ভাইস চেয়ারম্যান পদপ্রার্থী প্রভাষক শফিউল আলম বকুল, উপজেলা সেক্রেটারি মামুন রেজা, শ্রমিক কল্যাণ সভাপতি আলহাজ মেহেদী হাসান, শফিউজ্জামান মিঠু, ইউনিয়ন সভাপতি আমান উদ্দিন, সহ-সভাপতি মাওলানা শহিদুল হক, ইউনিয়ন সেক্রেটারি মাওলানা শওকত আলী, ইউনিয়ন নির্বাচন বিভাগের পরিচালক জহিরুল ইসলাম মজনু, ইউনিয়ন সরকারি সেক্রেটারি আব্দুল জব্বার, ফরিদপুর ২ নম্বর ওয়ার্ড সভাপতি আহসান হাবিব, কাশিপুরে সভাপতি আতিয়ার রহমান, কেদারনগরের সভাপতি লুৎফার রহমান, বেলগাছি গ্রামের ৭নং ওয়ার্ড সভাপতি রওশন শেখ, ৮ নং ওয়ার্ড সভাপতি আলাইহিম, যুব বিভাগের সভপতি শরিফুল ইসলাম শরীফ, সেক্রেটারি সাব্বির আহমেদ, শ্রমিক কল্যাণের ইউনিয়ন সভাপতি বেলগাছি আশরাফুল আলম, গ্রাম কমিটির সভাপতি খোকন মাসুদ, ডামোশ গ্রাম কমিটির সভাপতি জয়নাল আবেদীন, ফরিদপুরের সহ-সভাপতি মানোয়ার হোসেন। আরো উপস্থিত ছিলেন, ১নং ওয়ার্ড সভাপতি জাহাঙ্গীর আলম মনি,২নং ওয়ার্ড সভাপতি আহসান হাবীব, শ্রমিক কল্যাণের সভাপতি বাবলুর রহমান প্রমুখ।

দামুড়হুদা দশমী গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের দ্বিতীয় রাউন্ডের খেলা অনুষ্ঠিত

দামুড়হুদার দশমী গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টে কার্পাসডাঙ্গা সুপারস্টার বনাম কলাবাড়ি রামনগর একাদশের মধ্যে ২য় রাউন্ডের ২য় খেলা অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার বিকাল ৪ টার দিকে দামুড়হুদা পাইলট হাইস্কুল মাঠে এই খেলা অনুষ্ঠিত হয়।

খেলায় কার্পাসডাঙ্গা সুপারস্টার ক্লাব ২-০ গোলে কলাবাড়ি রামনগর একাদশকে পরাজিত করে। ম্যান অফ দ্যা ম্যাচ নির্বাচিত হন কার্পাসডাঙ্গা সুপার স্টার ক্লাবের কৃষ্ণ। এসময় মাঠে উপস্থিত থেকে খেলা উপভোগ করেন, দামুড়হুদা উপজেলা যুবদলের সদস্য সচিব মাহফুজুর রহমান মিল্টন, উপজেলা যুবদলের যুগ্ম- আহ্বায়ক আরিফুল ইসলাম আরিফ, দামুড়হুদা উপজেলা প্রেসক্লাবের সভাপতি শামসুজ্জোহা পলাশ, দামুড়হুদা বাজার কমিটির ক্রীড়া সম্পাদক রাশিদুল জামান বেল্টু।

আরো উপস্থিত ছিলেন, টুর্নামেন্ট কমিটির আহ্বায়ক একরামুল হোসেন মেম্বার, যুগ্ম-আহ্বায়ক আমিনুল ইসলাম রশিদ, আব্বাস, জানু, খরসেদ, জাহাঙ্গী, মামুন, রাজু, দিপু, টগর, শুভো প্রমূখ।

মুজিবনগরে বিনামূল্যে স্বাস্থ্যসেবা ক্যাম্প

অনুষ্ঠিত

মুজিবনগরে বিনামূল্যে স্বাস্থ্য সেবা ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে। আজ শনিবার সকাল থেকে পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির আয়োজনে সমৃদ্ধি কর্মসূচির আওতায় মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়নে ভবের পাড়া গ্রামের স্যাটেলাইট ক্লিনিকের মাধ্যমে ভবরপাড়া গ্রামে ৩৪ জন রোগীকে বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদান করা হয়।

চিকিৎসা সেবা প্রদান করেন, মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল অফিসার মোহাম্মদ আ ফ ম মুনতাহি রেজা।

মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সাধারণ সভা অনুষ্ঠিত

মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে। শনিবার সকাল ১১টার সময় সভাকক্ষে প্রেসক্লাবের সদস্যদের নিয়ে অনুষ্ঠিত এ সভায় সমসাময়িক বিভিন্ন বিষয়ে আলোচনা ও প্রেসক্লাব কেন্দ্রিক গুরত্বপূর্ণ সিদ্ধান্ত সদস্যদের সাথে আলোচনার মধ্য দিয়ে গ্রহণ করা হয়। সভায় আবেদনের প্রেক্ষিতে নতুন তিনজনকে সদস্যপদ অনুমোদন এবং একজন সদস্যকে অব্যহতি দেওয়া হয়।

মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক মাহবুব চান্দুর সঞ্চালনায় এই সাধারণ সভায় সভাপতিত্ব করেন মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সভাপতি তোজাম্মেল আযম।

এসময় উপস্থিত ছিলেন, মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ও সদস্য ইয়াদুল মোমিন, সহ-সভাপতি আবু নাসের চৌধুরী সম্রাট, কোষাধ্যক্ষ দিলরুবা খাতুন, গণযোগাযোগ সম্পাদক এ সিদ্দিকী শাহীন, দপ্তর সম্পাদক মাসুদ রানা, সদস্য আমিরুল ইসলাম অল্ডাম, তোফায়েল হোসেন, রফিকুল আলম বকুল, শোমেল রানা, মুর্তজা ফারুক রূপক, মাসুদ রানা, শহিদুল ইসলাম, পাভেল হোসেন, খান মাহমুদ আল রাফি, কামরুল ইসলাম, এস এম তারেক ।

আলমডাঙ্গা নাগদাহতে বিএনপি’র কর্মীসভা অনুষ্ঠিত

আলমডাঙ্গা উপজেলা নাগদাহ ইউনিয়ন বিএনপি’র উদ্যোগে কর্মিসভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার বিকেলে আলমডাঙ্গা উপজেলার নাগদাহ ইউনিয়ন বিএনপি ও সমর্থক গোষ্ঠীদের মধ্যে এক মতবিনিময় সভার আয়োজন করা হয়।

উক্ত মতবিনিময় সভায় সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন, নাগদাহ ইউনিয়ন বিএনপি’র সাবেক সভাপতি জনাব আব্দুর রশিদ হেবা। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, আলমডাঙ্গা উপজেলা বিএনপি’র সাবেক সাধারণ সম্পাদক ও জেহালা ইউনিয়ন পরিষদের সাবেক সফল চেয়ারম্যান আসিরুল ইসলাম সেলিম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, আলমডাঙ্গা পৌর বিএনপি’র সাবেক সভাপতি, আনিসুর, রহমান আনিচ। বিশেষ অতিথি হিসেবে আরও উপস্থিত ছিলেন, আলমডাঙ্গা উপজেলা কৃষকদলের সাবেক সভাপতি বোরহান উদ্দিন, আলমডাঙ্গা উপজেলা, যুবদলের, যুগ্ম আহ্বায়ক, মোঃ মাগরিব হোসেন।

উক্ত মতবিনিময় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, নাগদাহ ইউনিয়ন বিএনপি সমর্থক গোষ্ঠী, অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দরা।

দামুড়হুদায় আব্দুল ওদুদ শাহ ডিগ্রী কলেজে অভিভাবক সমাবেশ অনুষ্ঠিত

দ্বাদশ শ্রেনীর ক্লাসে শিক্ষার্থীদের শিক্ষার মান উন্নয়ন ও উপস্থিতির হার বৃদ্ধি করণ উপলক্ষ্যে দামুড়হুদার আব্দুল ওদুদ শাহ

ডিগ্রী কলেজে অভিভাবক সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার দুপুর সাড়ে ১২ টার সময় আব্দুল ওদুদ শাহ ডিগ্রী কলেজের আয়োজনে কলেজ মিলায়তনে এই অভিভাবক সমাবেশ অনুষ্ঠিত হয়।

আব্দুল ওদুদ শাহ ডিগ্রী কলেজের অধ্যক্ষ কামাল উদ্দিনের সভাপতিত্বে এসময় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, কলেজ পরিচালনা পরিষদের সভাপতি ও দামুড়হুদা উপজেলা বিএনপি’র সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, কলেজ পরিচালনা পর্ষদের সদস্য আশাবুল হক, মন্জুরুল কাদির, হাবীবুর রহমান, এস এম ওয়াজেদুল হাসান টুটুল শাহ, জাহাঙ্গীর আলম।

প্রভাষক মিল্টন কুমার সাহার সঞ্চালায় আরো উপস্থিত ছিলেন, সহকারী অধ্যাপক মিজানুর রহমান, মরিয়ম খাতুন, আসাফ- উদ- দৌলা, আনিসুজ্জামান মল্লিক,শরিফুল ইসলাম, নূর কুতুব আলী, আব্দুল আলীম, মাহফুজা খাতুন, প্রভাষক নাসরীন নাহারসহ কলেজে অধ্যায়ণরত ছাত্র-ছাত্রীদের অভিভাবকবৃন্দ।

অভিভাবক সমাবেশে বক্তারা কলেজে ছাত্র – ছাত্রীদের শিক্ষার মান উন্নয়ন ও নিয়মিত উপস্থিতির হার বৃদ্ধির লক্ষ্যে বক্তব্যে বলেন আমাদের ক্ষেত খামার, চাকরি, ব্যবসাসহ জীবন ধারণের জন্য আমরা নিয়মিত যে সময় ও মূলধন ব্যয় করি ঠিক তেমন ভাবে নিয়ম করে প্রতিদিন আমরা যারা ছাত্র ছাত্রীদের অভিভাবক আছি আমাদেরকে নিয়মিত, আমার সন্তানের শিক্ষার মান ও সঠিক শিক্ষায় শিক্ষিত করার জন্য সময় ও মূলধন বিনিয়োগ করতে হবে। কোন ভাবেই অবহেলা করা যাবে না। আমার সন্তান কোথায় যায়, কী করে, কাদের সঙ্গে মেলামেশা করে নিয়মিত খোজ খবর নিতে হবে। ছাত্র ছাত্রীদের মুঠোফোন ব্যবহারের ব্যাপারে উদ্বেগ প্রকাশ করা হয়। নিয়মিত কলেজে যাচ্ছে কিনা, লেখা পড়া করেছে কীনা কলেজের শিক্ষকদের সাথে অভিভাবক হিসাবে নিয়মিত যোগাযোগ রাখতে হবে। ডিজিটাল যুগে আমাদের উঠতি বয়সী সন্তানের হাতে আমরা হর হামেশাই দামী মোবাইল ফোন ও দামী মটর বাইক তুলে দিচ্ছি যা আমাদের সন্তানকে আমরা বিপথগামী ও মৃত্যুর মূখে ঠেলে দিচ্ছি। এই অবস্থা থেকে বের হবার পথ খুজতে হবে এবং সন্তানকে সঠিক শিক্ষায় শিক্ষিত করে আগামীর ভবিষ্যৎ প্রজন্ম হিসাবে গড়ে তুলতে হবে।

অনুষ্ঠানের শেষে উপস্থিত শিক্ষক-শিক্ষিকা, অভিভাবক ও ছাত্র-ছাত্রীদের সম্মতিতে কলেজে ছাত্র-ছাত্রীদের মোবাইল নিয়ে প্রবেশের ওপর নিষেধাজ্ঞা দেওয়া হয়।

মেহেরপুর সরকারি মহিলা কলেজে প্রীতি ফুটবল ম্যাচ অনুষ্ঠিত

মেহেরপুর সরকারি মহিলা কলেজ মাঠে শিক্ষক-শিক্ষার্থীদের বিপুল উপস্থিতিতে অনুষ্ঠিত হয়েছে জুলাই গণঅভ্যুত্থান প্রমিলা প্রীতি ফুটবল ম্যাচ। গতকাল বৃহস্পতিবার অনুষ্ঠিত এ খেলায় মানবিক শাখা ও বিএনসিসি-রোভারের সদস্যরা অংশগ্রহণ করেন।

ম্যাচের উদ্বোধন করেন, কলেজের অধ্যক্ষ প্রফেসর আব্দুল ওয়াদুদ। এসময় উপস্থিত ছিলেন, উপাধ্যক্ষ প্রফেসর আবদুল্লাহ আল আমিন, কাজী আশরাফুল আলম, আব্দুল হামিদ, মিরাজ উদ্দিন ও ইকরামুল হাসান লোটাসসহ অনেকে। ম্যাচ পরিচালনা করেন মেহেরপুর সরকারি কলেজের শরীরচর্চা শিক্ষক আলমগীর হোসেন।

খেলা শেষে অংশগ্রহণকারী ফুটবলারদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়।

দর্শনা সরকারি কলেজে নবীন বরণ অনুষ্ঠিত

‍‍‍‍‍‍‍“এসো তরুণ এসো নবীন তোমার হাতে সম্ভাবনার আগামী দিন” শ্লোগানকে সামনে রেখে দর্শনা সরকারি কলেজে নবীন বরণ অনুষ্ঠিত হয়েছে। গতকাল বুধবার সকাল ১০টায় দর্শনা সরকারি কলেজের আয়োজনে নবীন বরণ উদযাপন কমিটির আহবায়ক লিহাজ উদ্দীনের সভাপতিত্বে ১ম বর্ষে ভর্তি ছাত্র/ছাত্রীদের হাতে লাল গোলাপ তুলে দিয়ে বরণ নেওয়া হয়।

নবীন বরণ অনুষ্ঠানের শুরুতেই পবিত্র কোরান থেকে তেলোয়াত করেন, হাবিবা খাতুন। অনুষ্ঠানের প্রধান অতিথি দর্শনা সরকারি কলেজের

অধ্যক্ষ প্রফেসার মোঃ শফিকুল ইসলাম দুইজন ছাত্র ও ছাত্রীর হাতে লাল গোলাপ দিয়ে বরণ করে নেয়। এ সময় প্রধান অতিথি তার বক্তব্যে বলেন, তোমরা মাধ্যমিক শিক্ষার গন্ডি পেরিয়ে আজ মহা বিদ্যালয়ে পদার্পণ করেছে। এখন থেকে লেখাপড়ার পাশাপশি নীতি নৈতিকা সাথে আগামী ২টি বছর এ মহা বিদ্যালয় থেকে ভাল ফলাফল করে উচ্চ শিক্ষা লাভের জন্য বিশ্ব বিদ্যালয়ে যাবা। সেই ক্ষেত্রে আমাদের এ কলেজের সুনাম অখুন্ন রাখার পাশপাশি এখন থেকে শান্তি-শৃঙ্খলা বজায় রেখে লেখাপাড়ার প্রতি মনোযোগি হতে হবে। এছাড়া খেলাধুলা ও সাংস্কৃতিক অঙ্গনকে উচ্চ পর্যায় পৌঁছে দেওয়ার দায়িত্ব নিয়ে সামনের দিনে আলোর পথে চলতে হবে এটাই আমাদের প্রত্যশা।

প্রধান অতিথি নবীনদের বরণ করার সাথে সাথে রোভার, বিএনসিসির সদস্যরা মঞ্চের সামনে বসা ১ম বর্ষে ভর্তি ছাত্র/ছাত্রীদের হাতে লাল গোলাপ তুলে দিয়ে বরণ করে নেয়। এরপর নবীনদের উদ্যেশ্যে বক্তব্য রাখেন, বিশেষ অতিথি দর্শনা সরকারি কলেজের সহকারী অধ্যাপক মফিজুল আলম ও বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক আশরাফুল আলম। নবীন ছাত্র/ছাত্রীদের পক্ষে বক্তব্য রাখেন, সাহিদুল ইসলাম ও সুমি খাতুন। ছাত্র নেতাদের পক্ষে বক্তব্য রাখেন, বিএনপি ছাত্রদলের মোরশেদ লিংকন, জাকির হোসেন, পলাশ আহম্মেদ, আসিব হাসান, মুসফিকুর রহমান (সাইফ)সাইফুর রহমান অনিক ও অমিন। ছাত্র শিবিরের পক্ষে ফজলুর রহমান, শহিদ আহম্মেদ খান, হামজা ফারাজী ও সাব্বির হোসেন।

এসময় ছাত্র নেতারা দর্শনা সরকারি কলেজে একটি মসজিদ, ছাত্র/ছাত্রীদের জন্য একটি ক্যান্টিন ও ছাত্র/ছাত্রী শিক্ষকদের জন্য পৃথক পৃথক হোষ্টেল নিমার্ন করার দাবী জানান। সমগ্র অনুষ্ঠান পরিচালনা করেন, জাকির হুসাইন ও মুকুল হোসেন।

আলমডাঙ্গায় জামায়াতের পথসভা অনুষ্ঠিত

আলমডাঙ্গা উপজেলার ফরিদপুর গ্রামে জামায়াতে ইসলামের পথসভা

অনুষ্ঠিত হয়েছে। গতকাল বুধবার মাগরীবের নামাজের পর বাংলাদেশ জামায়াতে ইসলামী আলমডাঙ্গা উপজেলার বেলগাছি ইউনিয়নের ফরিদপুর গ্রাম কমিটির উদ্যোগে স্কুল মোড়ে এক পথসভা অনুষ্ঠিত হয়েছে। ফরিদপুর গ্রাম কমিটির সভাপতি দেলোয়ার হোসেন বিশ্বাসের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, নাগদাহ ইউনিয়নের সাবেক চেয়ারম্যান ও আলমডাঙ্গা উপজেলা চেয়ারম্যান পদপ্রার্থী দারুস সালাম।

প্রধান অতিথি তার আলোচনায় বলেন, সমাজে ন্যায় ও ইনসাফ ভিত্তিক সৎ ও যোগ্য নেতৃত্ব তৈরির এবং দেশ পরিচালনার জন্য আমাদের সবায়কে ভালো মানুষের হাতে দায়িত্বভার তুলে দিতে হবে। এর জন্য প্রতিটি মানুষের কাছে গিয়ে দাওয়াতী কাজের মাধ্যমে ইসলামের সুমহান আদর্শ তুলে ধরতে হবে। তিনি আরো বলেন, একটি কল্যাণমুখী রাষ্ট্র প্রতিষ্ঠা করার জন্য আমাদের দেশের সকল দলকে আদর্শভিত্তিক কাজের প্রতিযোগিতা করতে হবে।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, ইউনিয়ন সভাপতি আমান উদ্দিন, সহ-সভাপতি মাওলানা শহিদুল হক, ইউনিয়ন সেক্রেটারি মাওলানা শওকত আলী, ইউনিয়ন নির্বাচন বিভাগের পরিচালক জহিরুল ইসলাম মজনু, ইউনিয়ন সহকারি সেক্রেটারি আব্দুল জব্বার, ডামোশ গ্রাম কমিটির সভাপতি জয়নাল আবেদীন, ফরিদপুরের সহ-সভাপতি মানোয়ার হোসেন, সেক্রেটারি দেলোয়ার হোসেন মন্ডল। আরো উপস্থিত ছিলেন, ১নং ওয়ার্ড সভাপতি জাহাঙ্গীর আলম মনি, ২নং ওয়ার্ড সভাপতি আহসান হাবীব, সহকারি সেক্রেটারি জুড়ন আলী মালিতা, সদস্য হিসেবে ইব্রাহিম হোসেন, হাবিবুর রহমান, লাল মিয়া, খলিলুর রহমান, খয়বার আলী। সভাটি উপস্থাপনা করেন, ২ নং ওয়ার্ড সেক্রেটারী রুহুল আমীন।

মেহেরপুরের মোমিনপুরে মাঠ দিবস অনুষ্ঠিত

মেহেরপুর সদরের মোমিনপুরে যশোর অঞ্চলের টেকসই কৃষি সম্প্রসারণ প্রকল্পের আওতায় মাঠ দিবস অনুষ্ঠিত হয়েছে।

গতকাল মঙ্গলবার বিকেল সাড়ে ৫টায় মোমিনপুর কেন্দ্রীয় ঈদগাহ ময়দানে এ মাঠ দিবস অনুষ্ঠিত হয়। মাঠ দিবসে গ্রীষ্মকালীন সিম উৎপাদনে কৃষকদের উদ্বুদ্ধকরণ, অতিরিক্ত জৈব সার ব্যবহার থেকে বিরত থেকে অজৈব সার ব্যবহারের গুরুত্ব, বিঘা প্রতি উৎপাদন ব্যয় ও লভ্যাংশ ইত্যাদি বিষয়ে উপস্থিত কৃষকদের মাঝে আলোচনা করা হয়।

ইউপি সদস্য কামরুজ্জামান মুকুলের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক সঞ্জীব মৃধা। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা কৃষি কর্মকর্তা কৃষিবিদ মনিরুজ্জামান ও অতিরিক্ত কৃষি কর্মকর্তা রাজিবুল হাসান।

অনুষ্ঠান সঞ্চালনা করেন উপ-সহকারী কৃষি কর্মকর্তা এস. এম. কুতুব উদ্দিন। শুরুতে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন সাংবাদিক এস. আই. বাবু।